



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

8 July 2025

7:35 AM

কেন্দ্রীয় সরকার আসামের পান্ডু , শিলঘাট , বিশ্বনাথ ও বগীবিলে লাইট হাউস নির্মাণ করবে যা রাজ্যে পর্যটনের প্রসার সহ আসামের স্থানীয় আবহাওয়ার পূর্বাভাষ দেওয়ার ক্ষেত্রে সহায়ক হবে । কেন্দ্রীয় বন্দর, জাহাজ পরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল গুয়াহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন ।

মন্ত্রী শ্রীসনোয়াল বলেন যে ডিব্রুগড়ে স্থাপন করতে যাওয়া সামুদ্রিক উৎকর্ষতা কেন্দ্রে আগামী ১০ বছরে ৫০ হাজার ছাত্র-ছাত্রীকে প্রশিক্ষণ প্রদান করা হবে । নদী পথে সুষ্ঠু এবং নিরবচ্ছিন্ন ভাবে জাহাজ চলাচলের জন্য নদী খননের ব্যবস্থা করা হবে বলে তিনি জানান । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১১ বছরে উত্তর-পূর্বাঞ্চলের জন্য ছয় লক্ষ কোটি টাকারও অধিক আর্থিক অনুদান প্রদান করা হয়েছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল বলেন প্রধানমন্ত্রীর ‘পরিবহনের মাধ্যমে পরিবর্তন’ এই মূল মন্ত্র উত্তর-পূর্বাঞ্চলকে সমৃদ্ধ করে তোলা সহ এক্ট - ইষ্ট নীতির মাধ্যমে সমগ্র অঞ্চলটি দক্ষিণ পূর্ব এশিয়ার কেন্দ্রবিন্দু হিসেবে পরিগণিত হয়েছে । মন্ত্রী শ্রীসনোয়াল আরও বলেন যে বিশ্বের প্রথমসারির লজিস্টিক কোম্পানী রেনাস চলতি বছরে বরাক ও ব্রহ্মপুত্রে পরিবেশ অনুকূল নৌকা চলাচল আরম্ভ করবে । শ্রী সনোয়াল বলেন ---

বদরপুর- লামডিং পাহাড় লাইনের মুপা - দিহাখো ষ্টেশনের মধ্যে গতকাল ভূমিধ্বসের ফলে বেশ কয়েকটি রেল বাতিল করা হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে পাহাড় থেকে পাথর ও মাটি খসে পড়ে রেলপথটি বন্ধ হয়ে পড়ায় উত্তর-পূর্ব সীমান্ত রেলের ছটি রেল আংশিকভাবে বাতিল , আটটি রেল সম্পূর্ণভাবে বাতিল , তিনটি রেলের সময় পূর্ণনির্ধারণ করা সহ চারটি রেল নিয়ন্ত্রিত করা হয়েছে । বাতিল হওয়া রেলগুলির মধ্যে রয়েছে গৌহাটী - শিলচর এক্সপ্রেস , রঙিয়া - শিলচর এক্সপ্রেস , শিলচর - গৌহাটী এক্সপ্রেস , গৌহাটী - দুর্লভছড়া এক্সপ্রেস , শিলচর - নাহারলগুন এক্সপ্রেস , দুর্লভছড়া - গৌহাটী এক্সপ্রেস ও নাহারলগুন - শিলচর এক্সপ্রেস রয়েছে ।

কাছাড় জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জেলায় বিশ্ব জনসংখ্যা পক্ষ , ডায়রিয়া প্রতিরোধ ও জাপানিস এনকেফেলাইটিস মোকাবিলায় গতকাল জেলা পর্যায়ের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় জানানো হয় যে আগামী ১১ই জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে জেলায় বেশ কয়েকটি পরিবার পরিকল্পনা শিবিরের আয়োজন করা হবে । এছাড়া জুলাই ও আগষ্ট মাসে ডায়রিয়া প্রতিরোধ অভিযান শুরু করা হবে বলে সভায় জানানো হয় । সভায় ডাঃ রত্না চক্রবর্তী জানান যে পয়লা জুলাই থেকে জেলায় যক্ষ্মামুক্ত ভারত কর্মসূচী শুরু হয়েছে । সভায় মুখ্য স্বাস্থ্য ও চিকিৎসা আধিকারীক জানান যে ইতিমধ্যে জেলায় জাপানি এনকেফেলাইটিসে একজন রোগীর মৃত্যুর ঘটনার পরিপ্রেক্ষিতে সব সরকারী

ও বে-সরকারী হাসপাতালকে জ্বরের কোন রোগী ভর্তি হলে সঙ্গে সঙ্গে রক্ত পরীক্ষা করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

কাছাড় জেলায় শালি ধানের উপর প্রধানমন্ত্রী ফসল বীমা করার সময় সীমা আগামী ৩১শে জুলাই পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে বলে জেলা কৃষি আধিকারীক ডক্টর এ আর আহমেদ জানিয়েছেন । গতকাল প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা সপ্তাহ পালনের শেষ দিন বিনাকান্দি বোয়ালি চেংজুড় এলাকায় আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে ডক্টর আহমেদ একথা জানান । গতকাল শেষ দিন রাজাবাজার , বিনাকান্দি ও শালচাপড়া ব্লকে ফসল বীমা যোজনা উপলক্ষ্যে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।

উল্লেখ্য সমগ্র দেশের সঙ্গে কাছাড় জেলায়ও গত পয়লা জুলাই থেকে শুরু হওয়া প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা সপ্তাহ গতকাল সমাপ্ত হয়েছে । জেলার ১৫টি উন্নয়ন খন্ডে সপ্তাহব্যাপী কার্যসূচীর মধ্য দিয়ে ফসল বীমা নিয়ে সচেতনতা সভার আয়োজন করা হয় ।

শিলচরের প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের পক্ষ থেকে এক প্রতিনিধি দল গতকাল শিলচর পৌর নিগমের নব নিযুক্ত আয়ুক্ত সৃষ্টি সিংহ-এর সঙ্গে সাক্ষাৎ করে শহরের জমা জলের সমস্যার সমাধান সহ নালা-নর্দমা দ্রুত পরিষ্কার করার দাবী জানিয়ে স্মারক পত্র প্রদান করে । প্রতিনিধি দলের সঙ্গে কথা বলতে গিয়ে আয়ুক্ত শ্রীমতি সিংহ জানান যে আজ তিনি মঞ্চের কর্মকর্তাদের সঙ্গে নিয়ে কৃষ্ণনগর কলোনী পরিদর্শন করবেন এবং আগামীকাল তারাপুর অঞ্চল থেকে সাফাই অভিযান শুরু করা হবে । পৌর নিগমের আয়ুক্তের সঙ্গে সাক্ষাৎকালে প্রতিনিধি দলে মঞ্চের সভাপতি ধুব কুমার সাহা , সাধারণ সম্পাদক বাসুদেব শর্মা , কোষাধ্যক্ষ প্রণব দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন ।

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলার চারটি রাজস্ব চক্রে স্থাবর সম্পত্তি হস্তান্তরের জন্য এন ও সি-র আবেদন সেবা সেতু পোর্টালের মাধ্যমে সুষ্ঠুভাবে চলার পরিপ্রেক্ষিতে এখন থেকে জেলায় অফলাইনে জমি বিক্রির এন ও সি-র দরখাস্ত জমা দেওয়া যাবে না বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে জেলায় সেবা সেতু এ্যাপের মাধ্যমে স্থাবর সম্পত্তি হস্তান্তরের জন্য এন ও সি , নামজারী , বাটোয়ারা , নাম সংশোধনের মতো সম্পত্তি সম্পর্কিত অনলাইন পরিষেবা চালু রয়েছে। এই পরিষেবাগুলির জন্য এখন থেকে অফলাইনে আর কোন আবেদন গ্রহন করা হবে না ।

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং শালগঙ্গার ব্রজদিত্য সেবা সংস্থার ব্যবস্থাপনায় আগামী ৯ই জুলাই চন্ডীঘাট বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।
